



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৯-২২৫০ (৩)

তারিখ : ১৭/০৬/২০১৯ খ্রি.

বিষয় : লালমনিরহাট জেলার উত্তর বাংলা কলেজের অধ্যক্ষের দায়িত্বভার হস্তান্তরকরণ প্রসঙ্গে।

সূত্র : (১) স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭-২৪৫ তারিখ : ১২/০৬/২০১৮ খ্রি.

(২) স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১ তারিখ : ১৩/০৫/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখে জারিকৃত জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ অনুচ্ছেদ অনুযায়ী “বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুন: নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না”। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩/০৫/২০১৯ খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১ নং পত্রে ৬০ বছর উত্তীর্ণ হওয়ার পর দায়িত্বপালনরত শিক্ষক-কর্মচারীকে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে দায়িত্ব হস্তান্তরে জন্য নির্দেশনা প্রদান করা হয়। মন্ত্রণালয়ের পরিপত্র এবং মাউশির নির্দেশনা জারির পরও লালমনিরহাট জেলার উত্তর বাংলা কলেজের অধ্যক্ষের এ.এস.এম মনওয়ারুল ইসলাম (জন্ম তারিখ : ১০.০৪.১৯৫৯) ৬০ বছর পরও অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছেন মর্মে অনিয়োগ পাওয়া যায়।

এমতাবস্থায়, মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখের পরিপত্র মোতাবেক অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালনের সুযোগ না থাকায় প্রতিষ্ঠানে কর্মরত উপাধ্যক্ষকে, উপাধ্যক্ষ কর্মরত না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব হস্তান্তর করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: এনামুল হক হাওলাদার)

উপপরিচালক (কলেজ-২)

ফোন নং ৯৫৫৭৬৯১

ই-মেইল : ncollege@dshe.gov.bd

এ.এস.এম মনওয়ারুল ইসলাম

অধ্যক্ষ

উত্তর বাংলা ডিগ্রি কলেজ

কালিগঞ্জ, লালমনিরহাট।

বিতরণ:

০১। সভাপতি, গভর্নিং বডি, উত্তর বাংলা ডিগ্রি কলেজ, কালিগঞ্জ, লালমনিরহাট;

০২। সংরক্ষণ নথি।